মেহেরপুরে মহান মে দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে মহান মে দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে “ইসলামের দৃষ্টিতে শ্রমিকদের মর্যাদা ও অধিকার” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সভা মঙ্গলবার (৩০ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সদর কাজী নাজিম হাসান
স্বাগত বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান।

এছাড়াও এসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,জেলা মডেল মসজিদের ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান,ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন

মেহেরপুরে ইমাম সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত

মেহেরপুরের জেলা পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত ইমামগণের ইমাম সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সম্মেলন মঙ্গলবার (৩০ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের

সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও একসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ, জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান, ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উদ্বুদ্ধকরণ সভা

মেহেরপুরে সার্বজনীন পেনশন স্কীম মাঠ পর্যায়ে সুষ্ঠু ও সকল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসন এবং জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সভা মঙ্গলবার (৩০ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও এসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান,ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী তোতাকে শোকজ

উপজেলা নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্য প্রদান ও নির্বাচনী অফিস ভাঙচুরের অভিযোগে মুজিবনগর উপজেলা নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী রফিকুল ইসলাম তোতাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে নির্বাচন কমিশন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা ওয়ালিউল্লাহ কারণ দর্শানোর এই নোটিশ দেন।

উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা ২০১৬ এর বিধি ১৮ লঙ্ঘনের দায়ে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না? তা আগামী ২ মে বিকাল চারটার মধ্যে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্যও বলা হয়েছে তাকে।

উল্লেখ্য, গত ২৬ এপ্রিল সন্ধ্যায় প্রতিদ্বন্দ্বী চেয়ারম্যান প্রার্থী আমান হোসেন মিলুর বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্য প্রদান করেন তিনি। যার ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়। এবং ২৭ এপ্রিল মুজিবনগরের রতনপুর গ্রামে নির্বাচন অফিস ভাঙচুর করায় আমাম হোসেন মিলুর অভিযোগের প্রেক্ষিতে রফিকুল ইসলাম তোতাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়।

মেহেরপুরে ১০ গ্রাম হেরোইন ও ৭০ বোতল ফেনসিডিলসহ আটক ২

পৃথক তিনটি অভিযানে ১০ গ্রাম হেরোইন, ৭০ বোতল পরিত্যক্ত ভারতীয় ফেনসিডিল জব্দ ও দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আটকরা হলেন, মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামের বাবলু

হোসেনের ছেলে তৈয়বুর রহমান(২২) ও বাজিতপুর গ্রামের আজিজুল হকের ছেলে আব্দুস সোবহান (৩৩)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, সদর থানার উপপরিদর্শক (এসআই) বিকাশের নেতৃত্বে পুলিশের একটি টিম আজ মঙ্গলবার (৩০ এপ্রিল) সকাল ১০ টার সময় বাজিতপুর গ্রামে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ আব্দুস সোবহানকে আটক করা হয়। এছাড়া ভোররাতের দিকে পুলিশের উপপরিদর্শক (এসআই) রেজাউল হকের নেতৃত্বে অপর একটি টিম সীমান্তবর্তি হরিরামপুর গ্রামের তৈয়বুর রহমানের বাড়িতে অভিযান চালিয়ে ১০ গ্রাম হেরোইনসহ তাকে আটক করেন। এছাড়া রাত ৪ টার দিকে এসআই সঞ্জিব কুমারের নেতৃত্বে, এএসআই শাকিল খানসহ সঙ্গীয় ফোর্স সীমান্তবর্তি ঝাঁঝাঁ হরিরামপুর মাঠের মধ্যে একটি দরগার সামনে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৭০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। এসময় ফেনসিডিলের মালিক হরিরামপুর গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে রিপন আলী পালিয়ে যায়। তাকে পলাতক দেখিয়ে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আটকদের আজ মঙ্গলবার দুপুরে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে প্রধান শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীদের যৌণ হয়রানির অভিযোগ

গাংনীতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক প্রধান শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীর অভিভাবকরা যৌণ হয়রানির অভিযোগ দিয়েও কোনো প্রতিকার পাইনি। বরং অভিভাবকদের উপর জোর প্রয়োগ করে, হামকী ধামকি দিয়ে অভিযোগ তুলে নেয়ার পায়তারা করছে ওই শিক্ষক।

পঞ্চম শ্রেনীর ছাত্রীদের প্রাইভেট পড়ানোর সময় বুকের সাথে চেপে ধরে আদর, স্পর্শকাতর স্থানে হাত দেয়াসহ বিভিন্নভাবে যৌণ হয়রানি করার অভিযোগ এনে প্রধান শিক্ষক মাহাবুব উল আলম কাজলের বিরুদ্ধে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কাছে লিখিত অভিযোগ দেন কয়েকজন অভিভাবক।

লখিত অভিযোগ দিলেও এখন পর্যন্ত নানা অজুহাতে তদন্ত করেনি প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন। এদিকে প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রশাসনের নিরব ভূমিকায় ক্ষোভ প্রকাশ করছেন এলাকাবাসী।

লিখিত অভিযোগে অভিযুক্ত প্রধান শিক্ষক মাহবুবুল হক কাজলের শাস্তির দাবি করেছেন অভিভাবকরা।

এদিকে এই ঘটনার পরপরই তার শাস্তির দাবিতে সোচ্চার হয়েছেন ওই বিদ্যালয়ের অভিভাবকসহ এলাকাবাসী। তবে, ঘটনার পরপরই মোবাইল ফোন বন্ধ করে পালিয়ে যান শিক্ষক কাজল।

গাংনী থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভুক্তভোগী এক ছাত্রীর পিতা মকবুল হোসেন গত রবিবার উপজেলা নির্বাহী অফিসার বরাবর তার লিখিত অভিযোগটি দায়ের করেন। অভিযোগপত্রে আরো কয়েকজন অভিভাবক স্বাক্ষর করেন।

এদিকে অভিযোগ পত্রটির তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য প্রাথমিক শিক্ষা অফিসার নাছির উদ্দীনকে নির্দেশ দিয়েছেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা।

ভুক্তভোগী ছাত্রীর অভিভাবকগণের লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, প্রধান শিক্ষক মাহাবুব উল আলম কাজল প্রাইভেট পড়ানো, জ্যামিতি শেখানো ও পরীক্ষায় ফেল করানোর ভয় দেখিয়ে ছাত্রীদেরকে ভোর সাড়ে পাঁচটায় তার বাড়িতে প্রাইভেট পড়ান। প্রাইভেট পড়ানোর সময় ছাত্রীদের বিভিন্ন অজুহাতে বুকের সাথে জড়িয়ে ধরে তার স্পর্শকাতর স্থানে হাত দেন। এমনকি ছাত্রীদের পোশাকের মধ্যে হাত ঢুকিয়ে দিতেও কুণ্ঠাবোধ করেন না তিনি। যৌণহয়রানির শিকার এসব শিক্ষার্থীরা ইতোমধ্যে অন্য স্কুলে চলে যাওয়ার চিন্তা করছে। শিক্ষক কাজলের এহেন অপকর্ম এলাকার লোকমুখে ছড়িয়ে পড়লে অনেকেই প্রধান শিক্ষকের শাস্তির দাবি জানান। অভিভাবকদের অনেকেই তাদের সন্তানকে অন্য শিক্ষাপ্রতিষ্ঠানে সরিয়ে নেওয়ার চিন্তাভাবনা করছেন। ওই শিক্ষকের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তিনি।

এবিষয়ে অভিযুক্ত প্রধান শিক্ষক মাহাবুব উল আলম কাজলের মোবাইল ফোনে একাধিকবার ফোন দিলেও ফোনটি বন্ধ পাওয়া গেছে।
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ও মহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জিয়া মোহাম্মদ আহসান মাসুম বলেন, কাজল মাস্টারের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগের কথা শুনেছি। তবে এটাও শুনেছি সে নাকি বিষয়টি আপোষ করে ফেলেছে।

নব শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও বড় বামন্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, বিষয়টি ন্যাক্কারজনক। ঘটনা সত্য হয়ে থাকলে অথবা দোষী প্রমাণিত হলে তার অবশ্যই বিচার হোক সেটা আমি চাই। সেই সাথে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য জোর দাবি জানাচ্ছি।

উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান, ভুক্তভোগী শিক্ষার্থী বা তার পরিবারের পক্ষ বা প্রধান শিক্ষকের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর থেকে আমাকে তদন্তের জন্য পাঠানো হয়েছে। যথাযথভাবে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) প্রীতম সাহা জানান, ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে প্রধান শিক্ষকের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি যথাযথভাবে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দপ্তরে প্রেরণ করা হয়েছে।
তবে ওই অভিযোগ তুলে নেয়ার জন্যে গতকাল সোমবার (২৯ এপ্রিল) দুপুরে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে আরো একটি আবেদনপত্র দাখিল করা হয়েছে। সরেজমিনে তদন্ত করে ঘটনাটির আসল রহস্য উন্মোচন করে প্রকৃত দোষীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলেও জানান ওই কর্মকর্তা।

মেহেরপুরে ডায়রিয়া রোগীর

অধিকাংশ শিশু

রাইয়ান হোসেন। বয়স তিন বছর। বাড়ি মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামে। কোমল হাতে ক্যানোল নিয়ে শুয়ে আছে হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডের মেঝেতে। শিশুপুত্রকে হাতপাখায় বাতাস করছেন শিওরে বসে থাকা মা সুমাইয়া খাতুন।

তিনি বলেন, তিন দিন ধরে তার বাচ্চা ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে। বাড়িতেই প্রাথমিক চিকিৎসা দেওয়া হচ্ছিল। কিন্তু গত রবিবার দুপুর থেকে অবস্থার অবনতি হলে বিকালে হাসপাতালে ভর্তি করা হয়। সোমবার সকাল থেকে একটু কমেছে।

একই উপজেলার সুবিদপুর গ্রামের দুই বছর বয়সী লাবিব আল আমিন। রবিবার রাতে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার মা আরমিনা খাতুন জানান, অতিরিক্ত গরমে তার বাচ্চা ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে।

একই ওয়ার্ডেও মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের ৫ বছর বয়সী শাফায়েত হোসেন, জীবননগরের এক বছর বয়সী তাসফিয়া জান্নাতসহ ২৩ শিশু ডায়রিয়া আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছে।

গতকাল সোমবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালের ওয়ার্ড পরিদর্শন করে এ চিত্র পাওয়া গেছে।

মেহেরপুরে তীব্র তাপদাহে সবচেয়ে বেশি ঝুকিতে আছে শিশুরা। হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ড থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, গত এক সপ্তাহে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছে ১৫৫ শিশু। আর বয়স্ক আক্রান্ত ভর্তি হয়েছেন ৬৯ জন। সবমিলিয়ে ২২৪ জন রোগী ডায়রিয়া আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। প্রতিদিন গড়ে নতুন করে ৩০ থেকে ৪০ জন নতুন রোগী ভর্তি হচ্ছেন। গতকাল সোমবার দুপুরে ১০ শয্যার ডায়রিয়া ওয়ার্ডে বিপরীতে ভর্তি ছিলো ৩০ জন। তার মধ্যে শিশু ছিলো ২৩ জন।

হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডের সিনিয়র স্টাফ নার্স নিপু আক্তার জানান, প্রতিদিন গড়ে ৪০ জন রোগী ভর্তি হচ্ছে। এর অধিকাংশ রোগী শিশুরা। হাসপাতাল থেকে সকল ধরণের স্যালাইন, ওষুধ সরবরাহ করা হচ্ছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের সুপার ডা. জমির মো. হাসিবুস

সাত্তার বলেন, প্রতিবছর এপ্রিল-মে মাসে সাধারণত ডায়রিয়া রোগীর প্রকোপ দেখা দেয়। এছাড়াও এবছর অধিক তাপমাত্রার কারণে ডায়রিয়ায় আক্রান্তের সংখ্যা বেড়েছে। ১০ শয্যার ওয়ার্ডের বিপরীতে সবসময় তিনগুণের বেশি রোগী থাকে। এই তাপদাহে শিশুদের প্রতি যত্ন অভিভাবকেদর সচেতনতা বাড়ানোর আহবান জানান।

চুয়াডাঙ্গায় উপজেলা নির্বাচনের প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনারের মতবিনিময় সভা

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আচরণ বিধি ও অন্যান্য বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) আহসান হাবিব চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল সোমবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলা নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থী গনের সঙ্গে মতবিনিময় সভা করেন।

নির্বাচন কমিশনার আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করতে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের সাথে উন্মুক্ত আলোচনা করেন। উপস্থিত নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের বক্তব্য শোনেন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিভিন্ন আবেদন আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন আইন যথাযথভাবে মেনে চলার প্রয়োজনীয় নির্দেশনা ও

পরামর্শ প্রদান করেন।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা, ঝিনাইদহের জেলা প্রশাসক এস.এম. রফিকুল ইসলাম, মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার সহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, বিজিবি, র্যাব ও আনসার বাহিনীর কর্মকর্তাগণসহ জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ।

মেহেরপুরে ইব্রাহিম শাহিনের নির্বাচনী প্রচারণা ও মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী এড ইব্রাহিম শাহিন এর কাপ পিরিচ মার্কায় নির্বাচনী প্রচারণা ও গনসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধ্যায় পৌর এলাকার স্টেডিয়ামপাড়ায় ৮ ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে এ গনসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তুফান শেখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী এড ইব্রাহিম শাহিন।

ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক রফজুল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগের নেতা কাদের মিয়া, জেলা মটর শ্রমিক লীগের সাংগঠনিক সম্পাদক মুকুল মিয়া, পৌর তাঁতি লীগের সভাপতি নুরু ইসলাম, জেলা ছাত্রলীগের সদস্য আরিফুল ইসলাম, সদর থানা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সুঈট, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি দুলাল মাহমুদ প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুকের জনসংযোগ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের বিভিন্ন গ্রামে নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ ও জনসংযোগ করেন উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুক হোসেন।

আজ বিকেল ৫ টার সময় কাথুলী ইউনিয়নের ৩ নং ওয়ার্ড সহগলপুর থেকে আসন্ন ৬ষ্ঠ বারের মত উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে ফারুক হোসেন জনগনের সাথে গনসংযোগ করেন।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর নবীর উদ্দিন, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মহাদ্দেস আলী, শামীম হোসেন সহ ছাত্রলীগ, যুবলীগের নেতৃবৃন্দ।

এ সময় সহগলপুর গ্রাম থেকে জনসংযোগ শুরু কাথুলী ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের জনগনের সাথে সাক্ষাৎ করার কথা জানিয়ে যাত্রা শুরু করেন।

ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুক হোসেন জানান, আমি পেশায় একজন ব্যবসায়ী ব্যবসা থেকে টাকা উপার্জন করে যতটুকু পেরেছি মানুষের পাশে থাকার চেষ্টা করেছি। ছোট বেলা থেকেই মানবিক কাজে এগিয়ে যেতে পছন্দ করতাম সেই সুবাদে মানুষের পাশে থাকার জন্য আমি আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী হয়েছি। যাতে করে মানুষের পাশে থাকার জন্য এই দায়িত্ব আমাকে দায়বদ্ধতায় পরিনত